মার্কিন চুক্তি বাতিল করলে দুই দেশের সম্পর্কে প্রভাব পড়তে পারে: তথ্য উপদেষ্টা



তথ্য উপদেষ্টা ডা. জাহিদ। ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্রের সঙ্গে হওয়া বাণিজ্য চুক্তি হঠাৎ বাতিল করলে দুই দেশের সম্পর্কে নেতিবাচক প্রভাব পড়তে পারে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচার উপদেষ্টা ডা. জাহেদ উর রহমান। তিনি জানান, অন্তর্বর্তী সরকারের সময়ে হওয়া এ চুক্তি বর্তমান সরকার বাতিল না করলেও ভবিষ্যতে তা পর্যালোচনা করা হতে পারে।

মঙ্গলবার সচিবালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি বলেন, চুক্তিতে ৬০ দিনের নোটিশ দিয়ে বাতিলের সুযোগ রয়েছে। পাশাপাশি দুই দেশের আলোচনার মাধ্যমে কিছু শর্ত পরিবর্তনের ব্যবস্থাও আছে।

ডা. জাহেদ উর রহমান বলেন, চুক্তির কিছু বিষয় নিয়ে জনমত ও বিশ্লেষণ চলতে পারে, তবে আবেগের বদলে যুক্তিনির্ভর আলোচনা প্রয়োজন। সরকারের পক্ষ থেকেও কোন ধারা রাষ্ট্রের জন্য ক্ষতিকর হতে পারে তা যাচাই করা হবে।

তিনি আরও জানান, চুক্তি পুরোপুরি বাতিল করলে দ্বিপাক্ষিক সম্পর্ক ও বাণিজ্যিক ট্যারিফ ইস্যুতে নতুন সংকট তৈরি হতে পারে। তাই সরকার আলোচনার মাধ্যমে সমস্যাজনক অংশগুলো পুনর্বিবেচনার পথেই এগোতে চায়।

উপদেষ্টা বলেন, কিছু আন্তর্জাতিক চুক্তিতে আইনগত বাধ্যবাধকতা ও গোপনীয়তার শর্ত থাকে। ফলে সিদ্ধান্ত নেওয়ার সময় কূটনৈতিক ও অর্থনৈতিক বাস্তবতাও বিবেচনায় রাখতে হয়।